Website সংক্রান্ত অপরাধ এবং তদন্ত কার্যক্রম

Website Hacking & Its Possible Investigations

Presented by: Elias Hossen
Police Inspector (UB)
Digital Forensic Lab
CID, Dhaka.
01919933221

Education:
B.Ed (Hon's), M.Ed,
Post-Graduation Diploma in ICT (PGDICT),
M.Sc (Cyber Security)

Training Course completed:

- ❖Enhancement of Cyber Crime Investigation Capability of Bangladesh Police, Soonchunhyang University, **South Korea**, June 2014.
- ❖Cyber Security Course, Gujarat Forensic Science University, **India**, October 2016.
- ❖Exploit Hackers Tools & Technique, **Singapore**, October 2018.
- ❖Boot Camp on Access Data FTK Forensic, **UAE Dubai**, December, 2018.
- ❖Windows Forensic FOR500, **Singapore,** March 2019.



১। **বাংলাদেশের রিজার্ভ চুরিই সবচেয়ে বড় সাইবার আক্রমণের ঘটনা**
https://www.prothomalo.com/business/gtuyd3fxw5
২। জন্ম ও মৃত্যু নিবন্ধন রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের ওয়েবসাইট (orgbdr.gov.bd) থেকে নাগরিকদের ব্যক্তিগত তথ্য চুরির ঘটনাটি ছিল একটি বড় ধরনের নিরাপত্তা ত্রুটি।
Citizens' Data Leak: Probe fails to detect extent of breach
https://www.thedailystar.net/news/bangladesh/crime-justice/news/citizens-data-leak-probe-fails-detect-extent-breach-3377681

৩। **বাংলাদেশ ব্যাংকের সার্ভার হ্যাক করে ২৫ লাখ টাকা আত্মসাত**
https://www.desh.tv/national/71033

৪। **দেশে প্রথম সাইবার হামলা হয় ইসলামী ব্যাংকে**
https://www.banglatribune.com/business/243009/দেশে-প্রথম-সাইবার-হামলা-হয়-ইসলামী-ব্যাংকে

৫। **উদ্ধার হয়েছে বাংলাদেশ ব্যাংকের হ্যাক হওয়া ওয়েবসাইট**
https://www.ajkerpatrika.com/national/ajpmd9yjthfvb

৬। **অ্যাপের ফাঁদে নিঃস্ব মানুষ, উধাও হচ্ছে ব্যাংক ব্যালেন্স**
https://www.dinajpurtv.com/national/21930

১৭। **গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোতে বে-আইনি প্রবেশ বা হ্যাকিং, ইত্যাদির দন্ড**।— (১) যদি কোনো ব্যক্তি বা সফটওয়্যার ডেভেলপার বা কৃত্রিম বুদ্ধিমত্তা টুলস্ ব্যবহারকারী ইচ্ছাকৃতভাবে বা জ্ঞাতসারে কোনো গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোতে-

(ক) বে-আইনি প্রবেশ করেন ; বা

(খ) বে-আইনি প্রবেশের মাধ্যমে কোনো কম্পিউটার, ডিজিটাল ডিভাইস, কম্পিউটার সিস্টেম, ইলেকট্রনিক সিস্টেম, সার্ভার, কম্পিউটার নেটওয়ার্ক বা সাইবার স্পেসে বেআইনি প্রবেশ করিয়া তথ্য ভান্ডারের কোনো তথ্য চুরি, বিনাশ, বাতিল, পরিবর্তন বা উহার মূল্য বা উপযোগিতা হ্রাসকরণ, বা কৃত্রিম বুদ্ধিমত্তা এজেন্ট দ্বারা নূতন ডাটা উৎপাদন করেন বা অন্য কোনোভাবে ক্ষতিসাধন করেন, বা কম্পিউটার সোর্স কোড গোপন, ধ্বংস বা পরিবর্তন করেন, বা অন্য কোনো ব্যক্তির মাধ্যমে উক্ত কোড, প্রোগ্রাম, সিস্টেম বা নেটওয়ার্ক গোপন, ধ্বংস বা পরিবর্তন করিবার চেষ্টা করেন বা উক্ত কাজে সহায়তা করেন

তাহা হইলে উক্ত ব্যক্তির বা ডেভেলপারের বা কৃত্রিম বুদ্ধিমত্তা টুলস্ ব্যবহারকারীর অনুরূপ কার্য হইবে একটি অপরাধ।

(২) যদি কোনো ব্যক্তি উপধারা (১) এর—

(ক) দফা (ক) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন ; এবং

(খ) দফা (খ) এর অধীন কোনো অপরাধ সংঘটন করেন, তাহা হইলে তিনি অনধিক ৭(সাত) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১ (এক) কোটি টাকা অর্থদণ্ডে, বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

Website সংক্রান্ত অপরাধের ক্ষেত্রে পরিচিত অপরাধগুলো হচ্ছে-

(১) Website Hacking সংক্রান্ত অপরাধ

(ক) Website Hack করে কোন প্রতিষ্ঠানকে ক্ষতিগ্রস্ত করা।

(খ) Website Hack করে File encrypted করে decrypted করার জন্য অর্থ দাবী করা।

(২) Website খুলে প্রতারানা সংক্রান্ত অপরাধ

(ক) কাছাকাছি নামের অর্থাৎ একটি বা সর্বোচ্চ দুটি অক্ষরের গড়মিল রেখে Fake Website খুলে প্রকৃত Website এর আদলে কার্যক্রম পরিচালনার অভিনয়ে শুধুমাত্র ব্যাংকিং একাউন্ট নম্বর/মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর পরিবর্তন করে কৌশলে সেবা প্রত্যাশীদের অর্থ হাতিয়ে নেয়া।

(খ) কাছাকাছি নামের অর্থাৎ একটি বা সর্বোচ্চ দুটি অক্ষরের গড়মিল রেখে Fake Website খুলে প্রকৃত Website এর আদলে কার্যক্রম পরিচালনার অভিনয়ে জালিয়াতীর মাধ্যমে তৈরীকৃত ডকুমেন্টস আপলোড করে আইনানুগ কর্তৃপক্ষকে ফাঁকি দিয়ে আর্থিকভাবে লাভবান হওয়া বা অন্য কোন সুবিধা আদায় করা বা গ্রাহকের বিশ্বাসযোগ্যতা অর্জন পূর্বক অর্থ আত্মসাৎ সংক্রান্ত অপরাধ।

(গ) ব্যবসায়িক কার্যক্রমের সাথে সম্পৃক্ত Website খুলে একাধিক লোকাল ইউজার হওয়ার সুযোগ রেখে বিনিয়োগ সংক্রান্ত আপডেট দেখার মাধ্যমে গ্রাহক আকৃষ্ট করে টাকা-পয়সা নিয়ে হঠাৎ উধাও হয়ে যাওয়া।

Website: Website হল কোন Web Server এ রাখা তথ্যাদি (পৃষ্ঠা/ছবি/Audio/ Video ইত্যাদি) যা Internet Connection এর মাধ্যমে Access করা যায়। ইহা মূলত একটি HTML(Hypertext Markup Language) documents যা HTTP/HTTPS (Hypertext Transfer Protocol) এর মাধ্যমে Web Server থেকে Internet ব্যবহারকারীর Web browser এ স্থানান্তরিত হয়।
Sir Tim Berners-Lee invented the World Wide Web in 1989.

সম্পৃক্ত শব্দগুলিঃ

১. Web Server:
২. DNS (Domain Name Server)
৩. DNS System
৪. Domain Name
৫. Domain/Website Hosting
৬. Domain Hoster
৭. Database Server
৮. Web Server
৯. Web browser
১০. HTTP/HTTPS
১১. Web Site Developer
১২. HTML
১৩. IP Address (IPV4 & IPV6)
১৪. Domain Hosting
১৫. Domain Registration

প্রাথমিক আলোচনা-

প্রথম ধাপঃ Hosting এবং Domain Registration করা
দ্বিতীয় ধাপঃ Website Up করা
তৃতীয় ধাপঃ Website design করা
চতুর্থ ধাপঃ Content যোগ করা

What is DOMAIN

Domain হলো একটি নাম। আপনার একটি নাম আছে যেই নাম টি ধরে আপনাকে সবাই ডাকে ঠিক একই ভাবে Website এর ও একটি নাম থাকে এই নাম টি কেই বলা হয় Domain । Website করতে হলে আপনাকে আপনার Website এর একটি নাম দিতে হবে। আর Website এর সেই নামকেই বলা হয় Domain। যে নামের মাধ্যমে আপনার Website লোকজন খুজে পাবে সেটাই হলো Domain। যেমন আমরা ফেইসবুক কে খুজে পাই www.facebook.com দিয়ে। তবে বিভিন্ন ধরনের Website এর জন্য লোকজন বিভিন্ন Domain Extension ব্যবহার করে যেমন: Organization এর জন্য .org, Networking সাইটের জন্য .net, Information সাইটের জন্য .info ইত্যাদিসহ আরও অনেক ধরনের Domain ব্যবহার করা হয়।

What is HOSTING - আপনার Website তখনই সারা বিশ্ব থেকে দেখা যাবে যখন আপনি Website টি কোন Web server এ Hosting করবেন (জায়গা করে নিবেন)। যখন আপনি একটা Website তৈরী করবেন তখন কোন Public Web server এ আপনার Website টি কপি করে রাখতে হবে। আপনি চাইলে আপনার PC (Personal Computer) কে Web server করতে পারেন তবে এজন্য বেশ প্রস্তুতি দরকার। সাধারনত যেটা করা হয় তা হচ্ছে বিভিন্ন কোম্পানি এসব প্রস্তুতি নিয়ে অর্থ্যাৎ Web server ও অন্যান্য সেবা নিয়ে বসে আছে। আপনি তাদের কাছে গেলেই নির্দিষ্ট পরিমান টাকার বিনিময়ে এসব সার্ভিস দেবে। কিছু বৈশিষ্ট্যের ভিত্তিতে এসব কোম্পানীর বিভিন্ন প্যাকেজ আছে আপনি আপনার সুবিধামত প্যাকেজটি বেছে নিবেন।

সমস্যা ০১। অমিত একজন স্বনামধন্য গার্মেন্ট ব্যবসায়ী। ব্যবসার প্রচার-প্রসারের লক্ষ্যে তিনি https://www.amitgarmentsbd.com নামে একটি Website চালান। নিজস্ব যোগযোগের সুবিধার্থে তার একটি Mail Server ও আছে। Website এর Admin লাবণ্য

গত ১১/০৯/২০২০ তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময়ে নতুন Content Upload করতে গিয়ে Website এ আর Log in করতে পারছে না/নিয়ন্ত্রন হারিয়েছেন। এমতাবস্থায় আপনার আইনগত করনীয় কি?

এখানে PC (Personal Computer) থেকে নিয়মিতভাবেই https://www.amitgarmentsbd.com নামক Website এ Admin হিসবে Log in /Access করা হত। Website এর অফসরহ লাবণ্য গত ১১/০৯/২০২০ তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময়ে নতুন কনটেন্ট আপলোড করতে গিয়ে উক্ত Website এ আর Log in করতে পারছে না। এখানে নতুন কেউ Admin হিসেবে অন্য একটি PC (Personal Computer) থেকে অবৈধভাবে https://www.amitgarmentsbd.com Website এ Log in /Access করেছে। আমরা তদন্তের মাধ্যমে নতুন PC (Personal Computer) বের করার চেষ্টা করব।



(কোন Website এ Admin হিসেবে Log in করতে হলে Internet connected আছে এমন কোন PC (Personal Computer) এ সংশ্লিষ্ট Website এর Log in credentials ব্যবহার করতে হয়)

মামলা তদন্তের প্রয়োজনে আমাদের মূল কাজ হচ্ছে Hosting এবং Domain সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করা সহ RAM ও Domain Server এর OS (operating system) Forensically Image করা।

Website Hacking এর ক্ষেত্রে Website Admin এর করণীয়-

১। যখনই বুঝতে পারা যাবে Website Hacking হয়েছে ঠিক তখনই Web Server এর Network Disconnect করতে হবে/Domain Hosting Company এবং Server Maintenance Authority কে জানাতে হবে।

২। Network Disconnect করার সময়ে Web Server এর Power Supply RAM এবং OS (operating system) Forensically Image করার পূর্বে কখনও বন্ধ করা যাবেনা।

এই ধরনের মামলা গ্রহনকালিন যা করতে হবে-

১। Hacked Website https://www.amitgarmentsbd.com এর Hosting সংক্রান্ত তথ্যাদি Admin এর নিকট থেকে নিয়ে এজাহার লিখতে হবে।

মামলা পরবর্তী সময়ে তদন্তকারী অফিসারকে যা করতে হবে-

১। যত দ্রুত সম্ভব https://www.amitgarmentsbd.com এর Server এর RAM (Random Access Memory) এবং OS (operating system) Forensically Image করতে হবে।

এই কাজের জন্য অবশ্যই Forensic Imaging Software এর ব্যবহার জানতে হবে অথবা CID/PBI এর IT Forensic Expert এর সাহায্য নিতে হবে।

Image করতে বিলম্ব হলে Server এর Network Disconnect করে রাখতে হবে এবং কিন্তু Server এর বিদ্যুৎ সংযোগ বন্ধ করা যাবেনা।

২। Domain Hosting Company এর মাধ্যমে Domain Server এর Log in /Access IP Log জব্দ করতে হবে (Hacked হয়েছে তা বুঝতে পারার পর Network বিচ্ছিন্ন করার দিন থেকে পূর্বের কমপক্ষে একমাসের IP Log)।

আইটি ফরেনসিক মতামতে যা চাইতে হবে-

১। https://www.amitgarmentsbd.com এর Web Server এ কোন প্রকার Malware/Virus affected ছিল কিনা এবং কত তারিখে Web Server টি Malwares/Virus affected হয়েছিল?

২। Web Server এ নিয়মিত Admin Log in/ Access করা হয় IP Address: 220.224.200.201/---------- দ্বারা, অনিয়মিত হিসেবে কোন কোন IP Address দ্বারা Admin Log in/ Access করা হয়েছিল?

উপরোক্ত মতামত পাওয়ার পরে অনিয়মিত হিসেবে Admin Log in/ Access করা হয়েছিল যে IP Address গুলো তা নিয়ে Analysis করে প্রাপ্ত MAC Address (Computer-Laptop/Desktop) IT Forensic/Digital Forensic/Cyber Forensic পরীক্ষা করতে হবে।

দ্বিতীয়বারের IT Forensic/Digital Forensic/Cyber Forensic পরীক্ষায় অপরাধী কে তা নিশ্চিত হওয়া যাবে।

অপরাধীরা অপরাধ করার সময়ে অধিকাংশ ক্ষেত্রে VPN (Virtual Private Network)/Proxy Server ব্যবহার করে Internet connected হয়ে অপরাধ করে। তদন্তের প্রক্রিয়া অনুসরণ করে IP Log যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংগ্রহ করতে হবে। এক্ষেত্রে পুলিশ হেডঃ এর ইন্টারপোল শাখার (NCB) মাধ্যমে IP Log এর জন্য আবেদন করতে হবে। অধিকাংশ ক্ষেত্রেই দেশীয় অপরাধী দেশে থেকেই VPN/Proxy Server ব্যবহার করে Internet connected হয়ে অপরাধ করায় দ্রুততম সময়ে IP Log সংগ্রহ করতে পারলে মামলা ডিটেক্ট করা যেতে পারে। AIG, NCB তে ফরোয়ার্ডিং অবশ্যই ইংরেজীতে লিখতে হবে।

সমস্যা ০২। বাংলাদেশী অমিত গত বিশ বছর যাবৎ নাইজেরিয়ান প্রবাসী। গত মে/২০২০ বাংলাদেশে আসেন। আর বিদেশ যাবেনা না, এদেশে ব্যবসা করবেন বলে সিদ্ধান্ত নেন। আমেরিকান সিনেমার বাংলা ডাবিং করবেন। বন্ধু-বান্ধবসহ পরিচিত জনের সাথে এমন আলোচনা করেন এবং তাদের কে উচ্চ লাভে মূলধন বিনিয়োগের জন্য আহবান করেন। বিনিয়োগে প্রলুব্ধ করার জন্য সে একটি ওয়েবসাইট আপ করেন যেখানে বিনিয়োগের বিষয়ে বিস্তারিত তুলে ধরেন। উক্ত ওয়েব সাইটের মাধ্যমে বিনিয়োগকারী জানতে পারেন যে তার কত টাকা বিনিয়োগ করা হয়েছে এবং বর্তমান লাভ কত। প্রাথমিকভাবে বিভিন্ন এলাকার বিশ জন বিনিয়োগকারীকে মাসিক এক টাকা বিনিয়োগে এক টাকা লাভ এই হারে প্রায় তিন মাস নিয়মিতভাবে লভ্যাংশ প্রদান করেন। প্রস্তাব করেন যে, আপনাদের প্রথম বিশ জন বিনিয়োগকারিকে মূখ্য বিনিয়োগকারি হিসেবে বিবেচনা করা হবে এবং আপনাদের মাধ্যমে নতুন যারা বিনিয়োগ করবেন তাদের থেকে প্রাপ্ত লভ্যাংশের একটি অংশ আপনাদেরকে প্রদান করা হবে। বাগপটু অমিত এর প্ররোচনায় অধিক লাভের আশায় প্রথম বিশজন তাদের সমুদয় টাকা বিনিয়োগসহ তাদের পরিচিত আত্মীয়-স্বজনকে বিনিয়োগে উৎসাহিত করেন। একপর্যায়ে সমুদয় মূলধন নিয়ে আত্মগোপনে চলে যান। এরকম অভিযোগের প্রেক্ষিতে আপনার করনীয় কি?

এই ধরনের অভিযোগ প্রদান করতে আসলে যা করনীয়-

১। অভিযুক্ত Website এর Domain Hosting সংক্রান্ত তথ্যাদি নিতে হবে।

২। অভিযোগকারীর দেখানো মতে সংশ্লিষ্ট Website এ Local User হিসেবে Log in করে কত টাকা বিনিয়োগ করছে, কত টাকা লাভ পেয়েছে ইত্যাদি তথ্যাদির URL/Link সহ Screenshot নিয়ে জব্দ করতে হবে।

৩। আর্থিক লেনদেনের মাধ্যম হিসেবে Bank Account/Mobile Banking Account নম্বরের তথ্যাদি সংগ্রহ করতে হবে।

৪। Software এর মাধ্যমে সংশ্লিষ্ট Website Image/Download করে জব্দ করতে হবে।

এই ধরনের মামলা রুজু পরবর্তী সময়ে তদন্তকালীন আসামী গ্রেফতার করতে পারলে যা করতে হবে-

১. আসামী গ্রেফতার করতে পারলে অভিযুক্ত Website এর Admin Control নিতে হবে এবং আদালতের আদেশের মাধ্যমে মামলার তদন্ত কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত Domain Hoster কে Website টি Live/UP রাখার নির্দেশনা পাঠাতে হবে।

Website Live/UP থাকলে অভিযোগের ভিত্তিতে প্রয়োজন অনুসারে মামলা অনুযায়ী Data সংগ্রহ করা যাবে এবং বিচারকালে বিজ্ঞ বিচারক চাইলে দেখতে পারবেন।

২. কম্পিউটার (অভিযুক্ত Website এর Server / Cloud Server) এর Image জব্দ করতে হবে।

সমস্যা ০৩। অমিত সদ্য ডিগ্রী পাস করেছেন। শিক্ষক নিবন্ধন পরীক্ষায় অংশ গ্রহন করবেন বলে মনস্থির করেন। তিনি এবং তার কয়েকজন বন্ধু মিলে সঠিক ওয়েবসাইটের মাধ্যমে রেজিস্ট্রেশন না করে একটি ভূয়া ওয়েবসাইটের মাধ্যমে রেজিস্ট্রিশন সম্পন্ন করেন। ওয়েবসাইটে উল্লেখিত একাউন্ট নম্বরে ২০০০ টাকা প্রদান করেন। রেজিস্ট্রেশন সম্পন্ন করার সপ্তাহ খানেক পরে তিনি আর ঐ অনলাইন রেজিস্ট্রেশনের ওয়েবসাইট http://www.ntrcabd.org টি দেখছেন না। এমতাবস্থায় আপনি কি আইনগত ব্যবস্থা নিবেন?

এই ধরনের মামলা রুজু পূর্ববর্তী সময়ে যা করতে হবে-

১. Domain Hosting সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করতে হবে।

২. Website টি Live/UP/Active থাকলে Download/Copy করে জব্দ করতে হবে।

৩. আর্থিক লেনদেনের মাধ্যম হিসেবে Bank Account/Mobile Banking Account নম্বরের তথ্যাদি সংগ্রহ করতে হবে।

এই ধরনের মামলা রুজু পরবর্তী সময়ে তদন্তকালীন যা করতে হবে-

১. আসামী গ্রেফতার করতে পারলে Domain Hosting সংক্রান্ত তথ্যাদি নিয়ে Domain Admin control নিতে হবে এবং আদালতের আদেশের মাধ্যমে মামলার তদন্ত কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত Domain Hosting Company কে অভিযোগ সংশ্লিষ্ট Domain/ Website টি Live/UP/Active রাখার নির্দেশনা পাঠাতে হবে।

(বাংলাদেশী Domain Hoster হলে বিজ্ঞ আদালতের মাধ্যমে নির্দেশনা পাঠালে তারা অবশ্যই আদেশ পালন করতে বাধ্য কিন্তু বিদেশী Domain Hoster হলে আর আমাদের সাথে চুক্তি না থাকলে বিজ্ঞ আদালতের আদেশ পালন করবে না, তারপরেও মামলা তদন্তের প্রক্রিয়া হিসেবে আমরা সরকারি Domain Mail ID/পুলিশ হেডঃ এর আইসিটি শাখা কর্তৃক প্রদত্ত মেইল আইডি থেকে/ইন্টারপোল শাখায় আবেদনের মাধ্যমে উক্ত শাখা থেকে অনুরোধ করতে পারি।)

Website Live/UP থাকলে অভিযোগের ভিত্তিতে প্রয়োজন অনুসারে মামলা অনুযায়ী Data সংগ্রহ করা যাবে এবং বিচারকালে বিজ্ঞ বিচারক চাইলে দেখতে পারবেন।

২. কম্পিউটার (অভিযুক্ত Website এর Server / Cloud Server) Image পূর্বক জব্দ করতে হবে।

উপরে উল্লিখিত ১, ২ ও ৩ এর সমস্যা গুলোতে -

১। সংশ্লিষ্ট Website এর Server RAM (Random Access Memory) এবং OS (operating system) Forensically Image করতে হবে।
২। Domain Hosting সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করতে হবে।
৩। Website টি থাকলে Download/Copy করে জব্দ করতে হবে।

সমস্যা ৪। অমিত সাহেব একজন স্বনামধন্য ব্যাক্তিত্ব। তিনি একটি প্রতিষ্ঠানের উপ-প্রধান হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। ভবিষ্যতে তার ঐ প্রতিষ্ঠানের প্রধান হওয়ার সুযোগ রয়েছে। এমতাবস্থায় অনলাইন পত্রিকায় একজন প্রতিবেদক অমিত সাহেবের নামে মিথ্যা ও মানহানিহকর সংবাদ প্রকাশ করেন। অমিত সাহেব এমতাবস্থায় আপনার থানায় গেলে আপনি কি আইনগত ব্যবস্থা গ্রহন করবেন?

১। কোন অনলাইন পত্রিকায় সংবাদ প্রচার করা হয়েছে তার **link/URL** নিতে হবে।
২। অনলাইন পত্রিকার যে লিংকে সংবাদ প্রকাশ করা হয়েছে সেই **link/URL** সহ **Screenshort** নিয়ে স্বাক্ষীদের সন্মুখে জব্দ করতে হবে।
৩। পত্রিকার ডোমেইন হোস্টিং সংক্রান্ত তথ্যাদি নিতে হবে।
৪। পত্রিকার অফলাইন কপি ডাউনলোড করতে হবে।
৫। অফলাইন কপি ফরেনসিক পরীক্ষার জন্য আদালতের আদেশনামা ও ক্ষমতাপত্র সহ চাহিত বিষয় উল্লেখ করে আইটি ফরেনসিক ল্যাবে পাঠাতে হবে।
৬। পত্রিকায় অমিত সাহেবে বিরুদ্ধে মিথ্যা সংবাদ প্রচার হয়েছে তা দেখছে/পড়েছে এমন কয়েকজনের কাঃবিঃ ১৬১ ধারায় জবানবন্দি রেকর্ড করতে হবে।
৭।ফরেনসিক মতামত পজিটিভ হলে পত্রিকার সম্পাদক ও প্রতিবেদকের নামে ননএফআইআর প্রসিকিউশন দাখিল করতে হবে।

Forensically Image করার জন্য প্রয়োজনীয় Forensic Imaging Software

1. Autopsy
2. FTK Imager
3. Image Master Solo4 Forensic

https://accessdata.com/products-services/forensic-toolkit-ftk/ftkimager
এই website এর মাধ্যমে FTK Imager Software Download করে Forensically Image করতে হবে।

https://www.youtube.com/watch?v=4gskwPNNcjM এই লিংকের ভিডিও আপনাকে RAM (Random Access Memory) Forensically Image করতে সহায়তা করবে।

https://www.youtube.com/watch?v=TkG4JqUcx_U&t=386s এই লিংকের ভিডিও আপনাকে OS (operating system) Forensically Image করতে সহায়তা করবে।

Domain Hosting সংক্রান্ত তথ্যাদি যেভাবে সংগ্রহ করতে হবে-

নিম্নে উল্লেখিত Website গুলোর মাধ্যমে খুব সহজেই সংক্রান্ত Domain Hosting তথ্যাদি সংগ্রহ করা যায়। তবে উল্লেখ্য যে, মামলা তদন্তের প্রয়োজনে সবসময়ে Paid Website এর মাধ্যমে প্রাপ্ত তথ্যাদি ব্যবহার করা উচিত। অনেক Website তাদের তথ্য সকলের জন্য উন্মুক্ত রাখেন না। যারা উন্মুক্ত রাখেন না তাদের তথ্য পেতে অবশ্যই Paid Website এর মাধ্যমে তথ্যাদি সংগ্রহ করতে হবে।

https://whois.domaintools.com/
https://domainbigdata.com/
https://lookup.icann.org/
https://publicdomainregistry.com/whois/

https://www.youtube.com/watch?v=kuu_tD0FGfs , এই লিংকের ভিডিও আপনাকে

Domain Hosting সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করতে সহায়তা করবে।

Website Download/Copy করতে হবে যেভাবে-

নিম্নে উল্লেখিত Website গুলোর মাধ্যমে খুব সহজেই সংক্রান্ত Website Download/Copy করা যায়। তবে উল্লেখ্য যে, মামলা তদন্তের প্রয়োজনে সবসময়ে Paid Website এর মাধ্যমে Website Download/Copy করা উচিত।

1.Offline Explorer

2.Website Ripper Copier

3. Website Extractor

4. Surf Offline Professional

5.Site Sucker

6. Darcy Ripper

7. HTTrack

8. http://www.webextractor.com/

https://www.youtube.com/watch?v=Jsq-9Z4G0Z0 এই লিংকের ভিডিও আপনাকে Website Download/Copy করতে সহায়তা করবে।

আমাদের দেশে ঘটে যাওয়া সাইবার/ডিজিটাল অপরাধগুলো নিয়ে আমি আলোচনা করেছি। এখানে উল্লেখিত চরিত্র অমিত এবং লাবণ্য কাল্পনিক, কারো নামের সাথে মিলে গেলে তা নিতান্তই কাকতালীয়।

প্রযুক্তি প্রতিনিয়ত পরিবর্তনশীল; সমস্যা সমাধানের ক্ষেত্রে আমার উল্লেখিত পদ্ধতির পরেও আরও উপায় থাকতে পারে। অপরাধ কিভাবে, কে, কখন করেছে নিয়ে তা নিয়ে আমার কাজ করার সময়ের পরে উক্ত অপরাধ করার ধরণ ও মামলা পরবর্তী সময়ে অপরাধী নির্নয় নিয়ে কাজ করার ধরণ/পদ্ধতি আমার লেখায় উল্লেখিত সমাধানের সাথে নাও মিলতে পারে।

-আপনাদের মূল্যবান সময় আমার সাথে কাটানোর জন্য আন্তরিক ধন্যবাদ-